# মেঘনা বুলেটিন

সংখ্যা- ২৪
অক্টোবর, ২০১৯




## মীনা মিডিয়া এ্যাওয়ার্ড ২০১৯-এর প্রথম পুরস্কার পেলো কোস্ট ট্রাস্টের কমিউনিটি রেডিও মেঘনা




ইউনিসেফের ১৫তম মীনা মিডিয়া এ্যাওয়ার্ড ২০১৯-এ পুরস্কৃত হলো কোস্ট ট্রাস্টের কমিউনিটি রেডিও মেঘনা। 'কন্যা শিশু জন্ম নেওয়ার আশঙ্কায় গর্ভপাত করছেন নারীরা' শিরোনামের প্রতিবেদনের জন্য সংবাদ প্রতিবেদন বিভাগে প্রথম পুরস্কার অর্জন রেডিও মেঘনা। গতকাল রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে রেডিও মেঘনার এ্যাসিসটেন্ট স্টেশন ম্যানেজার কণিকা রানীর হাতে প্রথম পুরস্কারের ক্রেস্ট, সনদপত্র এবং ৫০ হাজার টাকার চেক তুলে দেন ইউনিসেফের শুভেচ্ছা দুত জনপ্রিয় চিত্র নায়িকা মৌসুমী এবং বিখ্যাত জাদুশিল্পী জুয়েল আইচ। ১৫তম মীনা মিডিয়া এ্যাওয়ার্ড ২০১৯-এর জন্য রেডিও মেঘনাসহ ৭টি কমিউনিটি রেডিওর ১৭টি অনুষ্ঠান ৪টি বিভাগে পুরস্কারের জন্য মনোনীত হয় । জাতিসংঘের অঙ্গাসংস্থা ইউনিসেফ প্রতিবছর এ পুরস্কার প্রদান করে থাকে। উল্লেখ্য যে, রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) বেসরকারি উন্নয়ন সংস্থা কোস্ট ট্রাস্টের একটি কমিউনিটি রেডিও। তথ্যের শক্তিকে উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবন-মান উন্নয়নে সম্পৃক্ত করার লক্ষ্যে কোস্ট ট্রাস্ট সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে ভোলা জেলার চরফ্যাশনে এই কমিউনিটি রেডিও প্রতিষ্ঠা করে। ২০১৫ সালের ১৮ ফেব্রুয়ারি রেডিও মেঘনা আনুষ্ঠানিক যাত্রা শুরু করে। রেডিও মেঘনা সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য ও কৃষি সম্পদের স্থায়িত্বশীল উন্নয়ন, নারী-পুরুষ সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র মানুষের কণ্ঠ তুলে ধরতে কাজ করে।

নারী ও কিশোরীদের ক্ষমতায়ন নিশ্চিত করার প্রয়াস রেডিও মেঘনার অন্যতম একটি লক্ষ্য। এই কমিউনিটি রেডিওটির সঙ্গে সম্পৃক্ত আছে চরফ্যাশন এলাকার সুবিধাবঞ্চিত পরিবারের কিশোরীরা। রেডিওটির ব্যবস্থাপনা, অনুষ্ঠান তৈরি ও প্রচার, কারিগরি ব্যবস্থাপনা, সংবাদ সংগ্রহ ও নিয়মিত প্রচারসহ সার্বিক বিষয়াদি দেখাশুনা করছে ১৫ জন কিশোরী, যারা সবাই পড়াশোনার পাশাপাশি রেডিও মেঘনায় কাজ করে সাংবাদিকতার প্রশিক্ষণের পাশাপাশি পরিবারের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করছে এবং সমাজের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

## আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ট্রাস্ট এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র মানুষের কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।

## রেডিও মেঘনা অনুষ্ঠান

### বয়ঃসন্ধিকালের স্বাস্থ্য পরিচর্যা ও সচেতনতা বিষয়ক অনুষ্ঠান ‘আমরা কিশোর-কিশোরী’



ক্লাসের ফাঁকে অবসর সময়ে কিশোরীসহ শিক্ষিকা গোল হয়ে বসে কিশোরীদের বয়:সন্ধিকাল নিয়ে আলোচনা করছেন। এমন দৃশ্য সচরাচর চোখে পড়ে না। চরফ্যাসন উপজেলার কুলছুমবাগে মোতালেব মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষিকা নাছিমা খানম বলেন, ষষ্ঠ থেকে দশম শ্রেণির কিশোরীদের সাথে প্রতি সপ্তাহে ক্লাসের ফাঁকে বসেন তাদের কিশোরী কালীন বিভিন্ন ধরনের সমস্যা নিয়ে কথা বলেন। যাতে করে তারা সচেতন হয় নিজের অধিকার সর্ম্পকে এবং পিরিয়ড চলাকালীন সময়ে ভয় না পেয়ে স্বাচ্ছন্দে স্কুলে আসতে পারে। তিনি আরো জানান, ‘আমি শুধুমাত্র একজন শিক্ষিকা নই, আমি এদের মা। ছাত্রীদের সাথে আমার সর্ম্পক খুবই নিবির যে কোন সমস্যায় আমি সহযোগিতা করি’। আগে অনেক কিশোরীরা পিরিয়ড বা মাসিকের সময় স্কুলে আসত না। ফলে স্কুলের উপস্থিতির সংখ্যা কম ছিল। বর্তমানে ক্লাস চলাকালীন সময়ে কোন ছাত্রী যদি পিরিয়ড হয় তাহলে তার জন্য নিরাপদ স্যানিটেশনের ব্যবস্থা রয়েছে। এ ব্যাপারে প্রধান শিক্ষক ফিরোজ আলম শাহের সাথে কথা বলে জানা যায়, তিনিও বিষয়টিকে গুরুত্ব দিয়ে পর্যাপ্ত স্যানিটেশন প্যাডের ব্যবস্থা ও আলাদা টয়লেটের নির্মাণ করছেন। আর এতে করে বিদ্যালয়ে আগের চেয়ে ছাত্রীদের উপস্থিতির সংখ্যা বেড়েছে। এ বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী মুনতাহাসহ আরো কয়েকজনও একই কথা বলেন।

## রেডিও মেঘনা সংবাদ




### চরফ্যাসনে আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস ২০১৯ উপলক্ষে মানববন্ধন অনুষ্ঠিত

“শিশু যৌন নির্যাতন ধর্ষণ বন্ধ কর; আওয়াজ তোল এখনই” এই প্রতিপাদ্য বিষয় নিয়ে চরফ্যাসনে আর্ন্তজাতিক গ্রামীণ নারী ২০১৯ পালিত হয়েছে। গত ছয় মাসে ৫৭২জন শিশু যৌন নির্যাতনের শিকার হয়েছে’ বিষয়টিকে গুর”ত্ব দিয়ে বক্তারা শিশুর উপর সকল ধরণের নির্যাতন বন্ধ করার আহ্বান জানান। সেই সাথে পরিবার এবং সামাজিক ভাবে প্রতিরোধ গড়া তোলার কথাও বলেন। এই দিবসকে কেন্দ্র করে ৩জন গ্রামীণ স্বাবলম্বী নারীদের সম্মাননা প্রদান করেছে ‘আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস উদযাপন কমিটি। বেসরকারি উন্নয়ন সংস্থ্যা কোস্ট ট্রাস্ট, ইকুইটিবিডি’র সহযোগিতায় গতকাল (১৫ অক্টোবর, মঙ্গলবার) সকাল ৯ টায় অধক্ষ্য নজরুল ইসলাম কলেজ সড়কে ঘন্টা ব্যাপী এ মানববন্ধন চলে। এতে উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান আকলিমা খানম মিলা, চরফ্যাসন থানার সাব ইন্সপেক্টর নাজমুল, উপজেলা জলবায়ু ফোরামের সভাপতি অসিম তালুকদার, কোস্ট ট্রাস্টের আঞ্চলিক টিম লিডার রাশিদা বেগম, পৌর কাউন্সিলর আকতারুল আলম সামু, মনির আসলামিসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

### শ্রোতা ক্লাব:

কমিউনিটি রেডিওতে রয়েছে প্রত্যেক শ্রোতার নিজস্ব মতামত জানানোর অধিকার। শ্রোতাদের মতামত জানানোর জন্য আমরা গঠন করেছি “শ্রোতা ক্লাব”। রেডিও মেঘনায় ৪০ টি শ্রোতা ক্লাব রয়েছে। তার মধ্যে উল্লেখ্য যোগ্য ক্লাব হলো-কিশোরী, গৃহিনী, কৃষি, ক্ষুদ্র ব্যবসায়ী ক্লাব ।

এশিয়ান প্যাসিপিক ব্রডকাস্টিং ইউনিয়ন (এবিইউ) এ্যাওয়ার্ড ২০১৯ এর স্পেশাল জুরি প্রাইজে নমিনেশন পেয়েছে রেডিও মেঘনা। (২১ নভেম্বর ২০১৯ তারিখে জাপানের টোকিওতে চূড়ান্ত বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করা হবে।)

যোগাযোগ:
কণিকা রানী
সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা
ফোন: ০১৭০৮ ১২০৩৯০
ই-মেইল: konika.radiomeghna@gmail.com
কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।

radiomeghna99.0
radiomeghna.net